

সর্বজনীন পেনশন স্কিম



প্রবাস স্কিম



প্রবাস স্কিমে অংশগ্রহণ, দেশে ফিরে সুন্দর জীবন

বিদেশে কর্মরত বা অবস্থানরত বাংলাদেশি নাগরিক চাঁদার অর্থ বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সে একাউন্ট হতে জমা প্রদান করে এ স্কিমে অংশ নিতে পারবেন। পেনশন স্কিমের মেয়াদ শেষে দেশীয় মুদ্রায় পেনশন দেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্টের তথ্য দিয়ে নিবন্ধন করতে পারবেন।

মাসিক জমার হার	২,০০০ টাকা	৫,০০০ টাকা	৭,৫০০ টাকা	১০,০০০ টাকা
জমা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৬৮,৯০১	১,৭২,০২৭	২,৫৮,৪৯১	৩,৪৪,৬৫৫
৪০	৫৮,৪০০	১,৪৬,০০১	২,১৯,০০১	২,৯২,০০২
৩৫	৩৮,৩৭৪	৯৫,৯০৫	১,৪৩,৯০২	১,৯১,৮৭০
৩০	২৪,৯০২	৬২,৩৩০	৯৩,৪৯৫	১,২৪,৬৬০
২৫	১৫,৯১০	৩৯,৭৭৪	৫৯,৬৬১	৭৯,৫৪৮
২০	৯,৮৫৪	২৪,৬৩৪	৩৬,৯৫১	৪৯,২৬৮
১৫	৫,৭৮৯	১৪,৪৭২	২১,৭০৮	২৮,৯৪৪
১০	৩,০৬০	৭,৬৫১	১১,৪৭৭	১৫,৩০২

- প্রবাসে বসবাসরত ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ 'প্রবাস' স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ তাদের জাতীয় পরিচয়পত্র (NID)/ পাসপোর্ট নম্বার ব্যবহার করে 'প্রবাস' স্কিমে রেজিস্ট্রেশন করতে পারবেন।
- 'প্রবাস' স্কিমে রেজিস্ট্রেশন সম্পন্ন করলে প্রবাসীদের ইমেইলের মাধ্যমে ইউনিক আইডি নম্বর, OTP, জমার পরিমাণ এবং মাসিক জমা প্রদানের তারিখ অবহিত করা হবে।
- 'প্রবাস' স্কিমে সরাসরি বৈদেশিক মুদ্রায় প্রেরিত মাসিক জমার বিপরীতে সরকার ঘোষিত হারে প্রদোদনার পাওয়া যাবে এবং প্রদোদনার অর্থ তার হিসাবে যোগ হবে।

- প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ credit card, debit card, এক্সচেঞ্জ হাউস এবং ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রদান করেন, সে একাউন্ট হতে মাসিক চাঁদার টাকা কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করতে পারবেন।
- সর্বজনীন পেনশন স্কিমে প্রদত্ত জমার বিপরীতে বিনিয়োগ কর রেয়াত পাওয়া যাবে এবং মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না। পেনশনারের ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমনঃ বিকাশ, নগদ, ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- 'প্রবাস' স্কিমে চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছর হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনারের বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- 'প্রবাস' স্কিমে রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) সহযোগিতা প্রদান করবে।

প্রবাস স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি



www.upension.gov.bd



[/National Pension Authority](https://www.facebook.com/NationalPensionAuthority)

জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



FAQ



হটলাইনঃ +৮৮ ০৯৬১০ ৯০০৮০০
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)



জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৪৩, কাকরাইল, ঢাকা - ১০০০



www.upension.gov.bd